



তারিখ: ২০ অক্টোবর, ২০২৪

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে মানসিক স্বাস্থ্য বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের শিক্ষার্থীদের নিয়ে আজ ২০ অক্টোবর ২০২৪ সিলেট সরকারি মহিলা কলেজের অডিটোরিয়ামে “ট্রেনিং ফর স্টুডেন্ট অন মেন্টাল হেলথ” শীর্ষক দিনব্যাপী এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এ এস এম আমানুল্লাহ। বিশেষ অতিথি ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর মোঃ লুৎফর রহমান এবং সিলেট সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর নাজমীন ইসলাম চৌধুরী। কর্মশালার সভাপতিত্ব করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রশিক্ষণ দপ্তরের পরিচালক (ভারপ্রাপ্ত) সালমা পারভীন।

উক্ত কর্মশালায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের প্রফেসর কামাল ইউ এ চৌধুরী কোর্স কো-অর্ডিনেটর এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রফেসর রোবায়ত ফেরদৌস সোশ্যাল ইনফ্লুয়েন্সার হিসেবে বক্তব্য প্রদান করেন। কর্মশালায় অন্যান্যের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের প্রফেসর ড. মো: কামরুজ্জামান মজুমদার, সহকারী অধ্যাপক জোবেদা খাতুন এবং প্রভাষক লিজা আক্তার শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য সম্পর্কিত বিভিন্ন বিষয়ে লেকচার প্রদান করেন।

উপাচার্য মহোদয় বলেন, “মানসিক স্বাস্থ্য বিষয়ক কর্মশালার উদ্দেশ্য হলো শিক্ষার্থীদের মানসিক সমস্যা দূর করে মানসিক সচেতনতা বৃদ্ধি করা। আমরা সারাদেশের আঞ্চলিক ও জেলা পর্যায়ের অধিভুক্ত কলেজের শিক্ষার্থীদের নিয়েও এই ধরনের কর্মশালা করার চেষ্টা করবো।” তিনি বলেন, “ বর্তমানে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের পরে সারাদেশে শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে যে ট্রমা কাজ করছে তার থেকে পরিত্রাণের জন্য গুরুত্বপূর্ণ ও সময়োপযোগী সিদ্ধান্ত হচ্ছে এ ধরনের কর্মশালা আয়োজন করা।” তিনি আরও বলেন, “জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহের শিক্ষক ও শিক্ষার্থীদের বিভিন্ন সমস্যা আমরা অতিসত্তর দূর করার চেষ্টা করবো।”

এছাড়া আরো বক্তব্য প্রদান করেন বিশেষ অতিথি উপ-উপাচার্য প্রফেসর মোঃ লুৎফর রহমান ও অধ্যক্ষ প্রফেসর নাজমীন ইসলাম চৌধুরী।

উল্লেখ্য, এই কর্মশালায় সিলেটের ০৪টি কলেজের ১৬০ জন শিক্ষার্থী সকাল ১০টা থেকে বিকাল ০৫টা পর্যন্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ নেয়। প্রশিক্ষণ শেষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করেন।

বার্তা প্রেরক

মোঃ মোস্তাফিজুর রহমান
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়